হরিণাকুণ্ডুতে মামলা তুলে নিতে বাদীর ওপর সন্ত্রাসী হামলা, মামলা নিতে পুলিশের গড়িমসি

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে মামলা তুলে নিতে মিজানুর রহমান সোনার
(৬০) ওপর সন্ত্রাসী হামলা চালিয়েছে মামলার বিবাদীরা।

গত বৃহস্পতিবার সন্ধ্যা সাড়ে ৬টার দিকে উপজেলার ৫ নম্বর কাপাশহাটিয়া ইউনিয়নের কিসমত ঘোড়াগাছা গ্রামে এ হামলার ঘটনা ঘটে। এ হামলায় আহত মিজানুর রহমান একই গ্রামের মৃত আবুল হোসেন মিয়ার ছেলে। তিনি হরিণাকুণ্ডু উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন রয়েছেন।

আহত মিজানুর রহমান বলেন, আমি পার্শ্ববর্তী কুল্ল্যাগাছা বাজার থেকে সন্ধ্যার দিকে বাড়ি ফিরছিলাম। এ সময় কিসমত ঘোড়াগাছা গ্রামের পিন্টুর দোকানের সামনে পৌঁছালে কনক আমার সাইকেল থামিয়ে পথরোধ করে মামলা তুলে নিতে চাপ দেয়। তখন আমি অস্বীকৃতি জানাই। এ সময় দোকানে বসে থাকা বোরহান, মশিয়ারসহ ৫-৬ জন আমাকে লাঠি, রড ও হাতুড়ি দিয়ে বেধড়ক মারধর করে। তখন আমার চিৎকারে পাশের কয়েকজন দৌড়ে এসে আমাকে প্রাণে রক্ষা করে। সে সময় তারা বারবার বলতে থাকে, মামলা তুলে না নিলে প্রাণে মেরে ফেলা হবে।

স্থানীয়দের কাছ থেকে জানা যায়, মিজানুর রহমান সোনার বাড়িতে ২০২৪ সালে বিবাদীরা হামলা চালিয়ে বাড়িঘরে লুটপাট, ভাঙচুর ও মারধরের ঘটনা ঘটায়। ওই ঘটনায় মিজানুর রহমান বাদী হয়ে হরিণাকুণ্ডু থানায় একটি জিআর মামলা করেন, যার নম্বর ১৯৭/২০২৪। বর্তমানে মামলাটি আদালতে বিচারাধীন রয়েছে।

এই মামলাটি আদালত থেকে তুলে নিতে ওই গ্রামের মশিয়ার, কনক, বোরহান, তোতাসহ বেশ কয়েকজন বিভিন্ন সময় মিজানুর রহমানের বাড়ির আশপাশে গালিগালাজ করে, মাঝে মধ্যে ইট-পাটকেল ছোড়ে এবং প্রাণে মেরে ফেলার হুমকি দেয়। জীবনের ভয়ে মিজানুর ও তার পরিবারের লোকজন সন্ধ্যার পর বাড়ি থেকে বের হন না। তার ছোট ভাই শাহীন কবির ঝলকও তাদের ভয়ে দীর্ঘদিন বাড়িতে আসতে পারেন না।

এরই জেরে বৃহস্পতিবার সন্ধ্যা সাড়ে ৬টার দিকে মিজানুর রহমান

সোনাকে তারা রাস্তায় ফেলে মারধর করেছে বলে অভিযোগ উঠেছে।

এ ছাড়া আহত মিজানুর রহমানকে চিকিৎসার জন্য দ্রুত হরিণাকুণ্ডু উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যেতে চাইলে বিবাদীরা তাতে বাধা দেয়। ভয়ে কোনো ভ্যান বা ইজিবাইকচালক আহত মিজানুরকে হাসপাতালে নিয়ে যেতে চাননি। পরে হরিণাকুণ্ডু থানার অফিসার ইনচার্জ (ওসি) জুলফিকার আলীকে জানালে তিনি পুলিশ পাঠিয়ে তাকে হাসপাতালে ভর্তি করার ব্যবস্থা করেন বলে আহতের স্বজনরা জানান।

এ বিষয়ে হরিণাকুণ্ডু থানার অফিসার ইনচার্জ (ওসি) জুলফিকার আলী বলেন, “আমি বিষয়টি শোনার সঙ্গে সঙ্গে পুলিশ পাঠিয়েছি। ভিকটিমকে হাসপাতালে ভর্তি করে চিকিৎসা নেওয়ার ব্যবস্থা করেছি।”

মামলার ব্যাপারে জানতে চাইলে তিনি বলেন, “বসাবসি করে মীমাংসার চেষ্টা করছি। মামলা দিলে দুর্বল ধারায় আটকানো মুশকিল হবে।” তবে অভিযোগের ভিত্তিতে ব্যবস্থা নেওয়ার আশ্বাস দেন তিনি।

শৈলকুপায় ১০জলাশয়ে মাছের পোনা অবমুক্ত

রাজস্ব বাজেটের আওতায় ঝিনাইদহের শৈলকুপায় বিভিন্ন জলাশয়ে মাছের পোনা অবমুক্ত করা হয়েছে। সকালে উপজেলা মৎস্য দপ্তরের আয়োজনে উপজেলার ১০টি জলাশয়ে বিভিন্ন প্রজাতির মোট ৩৩৩ দশমিক ৩৩ কেজি মাছের পোনা অবমুক্ত করা হয়।

মাছের উৎপাদন বৃদ্ধি,জলাশয়ের প্রাকৃতিক ভারসাম্য রক্ষা এবং স্থানীয় পর্যায়ে মাছের চাহিদা পূরণের লক্ষ্যে এ পোনা অবমুক্তকরণ কার্যক্রম পরিচালনা করা হয়।

পোনা অবমুক্তকরণকালে উপস্থিত ছিলেন আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী মো. আসাদুজ্জামান, ঝিনাইদহের জেলা প্রশাসক নোমান হোসেন, পুলিশ সুপার মিয়া মোহাম্মদ আশিষ বিন হাসান, শৈলকুপা উপজেলা নির্বাহী কর্মকর্তা মাহফুজুর রহমান, উপজেলা মৎস্য

কর্মকর্তা ইমরান হোসেন, উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক হুমায়ন বাবর ফিরোজসহ সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তারা।

ঝিনাইদহে সারের দাবিতে সড়ক অবরোধ

ঝিনাইদহের শৈলকুপায় সারের দাবিতে সড়ক অবরোধ করে বিক্ষোভ করেছেন কৃষকরা। আজ শনিবার(৫ সেপ্টেম্বর) সকালে উপজেলার গাড়াগঞ্জ বাজারে এ ঘটনা ঘটে।

স্থানীয় কৃষকরা জানান, সার নিতে গাড়াগঞ্জ পুরাতন বাজারের শুভ এন্টারপ্রাইজে গেলে ডিলারের পক্ষ থেকে সার দেওয়া হবে না বলে জানানো হয়। এতে ক্ষুব্ধ হয়ে কৃষকরা গাড়াগঞ্জ-শৈলকুপা আঞ্চলিক সড়কে গাছের গুঁড়ি ফেলে অবরোধ করেন। প্রায় এক ঘণ্টা অবরোধের কারণে সড়কে যান চলাচল বন্ধ হয়ে ভোগান্তিতে পড়েন যাত্রীরা। খবর পেয়ে উপজেলা কৃষি কর্মকর্তারা ঘটনাস্থলে গিয়ে কৃষকদের সার দেওয়ার ব্যবস্থা করেন। পরে সার দেওয়া শুরু হলে কৃষকরা অবরোধ তুলে নেন।

এ বিষয়ে শৈলকুপা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা(ওসি) হুমায়ুন কবির মোল্লা বলেন, খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে গিয়ে উত্তেজিত কৃষকদের সাথে কথা বলে পরিস্থিতি শান্ত করে। পরে ডিলার সার বিতরণ শুরু করলে অবরোধ তুলে নেয় বিক্ষুব্ধরা।

মহেশপুরে ৩ লাখ ৫৮ হাজার টাকার ভারতীয় ঔষুধ উদ্ধার, দম্পতি

আটক

ঝিনাইদহে মহেশপুরে মাদকবিরোধী অভিযান চালিয়ে বিপুল পরিমাণ ভারতীয় অবৈধ ওষুধসহ এক দম্পতিকে গ্রেপ্তার করেছে পুলিশ।

বৃহস্পতিবার (৩ সেপ্টেম্বর) ভোরে উপজেলার নেপা গ্রাম থেকে তাদেরকে গ্রেপ্তার করা হয়।

গ্রেপ্তারকৃতরা হলেন, বাঘাডাংঙ্গা গ্রামের সোহারাব হোসেনের ছেলে মো: জাকরিয়া (২৯) এবং তার স্ত্রী মোছা:পারভিন (১৯)।

পুলিশ সূত্রে জানা গেছে, গোপন সংবাদের ভিত্তিতে মহেশপুর থানার এস আই মো: টিপু সুলতানের নেতৃত্বে একটি টিম নেপা গ্রামে আব্দুল মালেকের বাড়ির ২য় তলায় একটি ভাড়া বাসায় অভিযান চালায়।

পুলিশের উপস্থিতি টের পেয়ে পালানোর সময় জাকারিয়া ও তার স্ত্রীকে আটক করা হয়।

পরে তাদের দেওয়া তথ্যমতে বিছানার নিচে তল্লাশি চালিয়ে ৬,৭০০ পিস ভারতীয় উত্তেজক ট্যাবলেট ও ক্যাপসুল উদ্ধার করা হয়।

মহেশপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আজাদ রহমান বলেন, এ বিষয়ে থানায় একটি মামলা দায়ের করা হয়েছে এবং আসামিদের আদালতে পাঠানোর প্রক্রিয়া চলছে। এছাড়া চোরাচালান ও মাদক দমনে পুলিশের অভিযান অব্যাহত রয়েছে বলেও তিনি জানান।

ঝিনাইদহে সবুজ বাংলা টিভির ২য় প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন

ঝিনাইদহের স্বনামধন্য টেলিভিশন চ্যানেল সবুজ বাংলা টিভির ২য় প্রতিষ্ঠা বার্ষিকী নানা আয়োজনের মধ্য দিয়ে উদযাপিত হয়েছে।

মঙ্গলবার (১ সেপ্টেম্বর) সকালে ঝিনাইদহের পুরাতন ডিসি কোর্ট

চত্বর থেকে একটি বর্ণাঢ্য র্যালি বের করা হয়। র্যালিটি শহরের বিভিন্ন গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করে ঝিনাইদহ প্রেসক্লাবে গিয়ে শেষ হয়। র্যালি শেষে ঝিনাইদহ প্রেসক্লাব মিলনায়তনে বিভিন্ন জেলার সংবাদকর্মীদের অংশগ্রহণে কেক কাটা ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, প্রধান মন্ত্রীর রাজনৈতিক সহকারী মোঃ রাশেদ খান। প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন, সবুজ বাংলা টিভির প্রতিষ্ঠাতা চেয়ারম্যান, ঝিনাইদহ জেলা পরিষদের প্রশাসক ও জেলা বিএনপির সভাপতি অ্যাড. এম এ মজিদ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, ঝিনাইদহ জেলা বিএনপির সাধারণ সম্পাদক জাহিদুজ্জামান মনা, জেলা বিএনপির সহ-সভাপতি ও সদর উপজেলা বিএনপির সভাপতি এ্যাড. মুন্সী কামাল আজাদ পান্নু, জেলা বিএনপির সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুল মজিদ বিশ্বাস, প্রেসক্লাবের সাধারণ সম্পাদক আমিনুল ইসলাম লিটনসহ জেলার বিভিন্ন মাধ্যমের সংবাদ কর্মীরা।

সভাপতিত্ব করেন, ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি আসিফ ইকবাল মাখন ও সঞ্চালনায় ছিলেন, চ্যানেল টুয়েন্টিফোরের স্টাফ রিপোর্টার সাদ্দাম হোসেন।

সার্বিক ব্যবস্থাপনায় ছিলেন, সবুজ বাংলা টিভির ভাইস চেয়ারম্যান ও জেলা বিএনপির সহ দপ্তর সম্পাদক সাকিব আহমেদ বাপ্পি ও সবুজ বাংলা টিভির পরিচালক সুলতান আল এনাম।

এসময় উপস্থিত সংবাদকর্মীরা সবুজ বাংলা টিভির প্রতিষ্ঠাবার্ষিকীর শুভেচ্ছা জানান এবং প্রতিষ্ঠানটির উত্তরোত্তর সাফল্য ও সমৃদ্ধি কামনা করেন।

বক্তারা বলেন, বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশন ও মানুষের কথা তুলে ধরার মাধ্যমে সবুজ বাংলা টিভি ইতোমধ্যে গণমাধ্যম অঙ্গনে একটি পরিচিত ও গুরুত্বপূর্ণ অবস্থান তৈরি করেছে।

আলোচনা সভা শেষে প্রতিষ্ঠা বার্ষিকীর কেক কাটার মধ্য দিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করা হয়।

ঝিনাইদহে দাফন হওয়া আফগান নাগরিক হাসমতের মরদেহ নিজ দেশের পথে

দাফনের সাড়ে ৪ মাস পর ঝিনাইদহের একটি গোরস্থান থেকে আফগানিস্তান নাগরিক হাসমত মোহাম্মদীর মরদেহ উত্তোলন করা হয়েছে। মঙ্গলবার (১ সেপ্টেম্বর) দুপুরে শহরের পৌর কবরস্থান থেকে জেলা ও পুলশ প্রশাসনের উপস্থিতিতে মরদেহটি উত্তোলন করা হয়। পরে মরদেহ দাফন করতে হস্তান্তর করা হয়েছে আফগানিস্তান থেকে আসা তাঁর ছোট ভাই ইমাল মোহাম্মদীর কাছে।

মরদেহ উত্তোলনের সময় ঝিনাইদহ জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেট মেহেদী হাসান, মেডিক্যাল অফিসার ডা. ফারহানা তাসনিম, নিহতের আইনজীবী অ্যাডভোকেট মাহমুদুল হাসান মাসুম, নিহত হাসমত মোহাম্মদীর ভাই ইমাল মোহাম্মদী, আঞ্জুমানে মফিদুল ইসলামের দুলাল হোসেন উপস্থিত ছিলেন।

নিহতের বাংলাদেশী আইনজীবী অ্যাডভোকেট মাহমুদুল হাসান মাসুম জানান, স্বরাষ্ট্র্র ও পররাষ্ট্র মন্ত্রণালয়ের অনুমোদন ও আইনি সকল প্রক্রিয়া শেষে মরদেহ উত্তোলন করা সম্ভব হয়েছে। এ কাজে যাঁরা সহযোগীতা করেছে তাদের প্রতি আফগান নাগরিক হাসমত মোহাম্মদীর পরিবার কৃতজ্ঞ।

নির্বাহী ম্যাজিস্ট্রেট মেহেদী হাসান বলেন, “আইনি সকল নিয়ম-কানুন মেনে এবং দাপ্তরিক প্রক্রিয়া শেষ করে আফগান নাগরিক হাসমত মোহাম্মদীর মরদেহ কবর থেকে উত্তোলন করে তাঁর স্বজনদের কাছে হস্তান্তর করা হয়েছে।”

এর আগে গত ১৩ এপ্রিল ঝিনাইদহের মহেশপুর উপজেলার ভারতীয় সীমান্তবর্তী গ্রাম পলিয়ানপুরের ইছামতী নদী থেকে হাসমত মোহাম্মদীর ভাসমান মরদেহ উদ্ধার করে পুলিশ ও বিজিবি। পরে জাতীয় পরিচয়পত্রের ডেটাবেজে কোনো মিল না পাওয়ায় ১৪ এপ্রিল আঞ্জুমান মফিদুল ইসলামের মাধ্যমে বেওয়ারিশ মরদেহ হিসেবে ঝিনাইদহ পৌর

ববরস্থানে তাঁর দাফন সম্পন্ন করা হয়। পরবর্তীতে সামাজিক যোগাযোগমাধ্যমে ছবি দেখে পরিবার তাঁকে শনাক্ত করে।

মরদেহ নিজ দেশে ফিরিয়ে নিতে তাঁর ভাই ইমাল মোহাম্মদী প্রয়োজনীয় নথিপত্রসহ দীর্ঘ ৫৮ দিন ধরে বাংলাদেশে অবস্থান করছিলেন।

আওয়ামী লীগকে ফেরাতে লংমার্চের ঘোষণা দিয়েছে জামায়াত-এনসিপি

জামায়াত ও এনসিপি মিলে বিএনপি সরকারের বিরুদ্ধে চক্রান্ত শুরু করেছে বলে মন্তব্য করে প্রধানমন্ত্রীর রাজনৈতিক সহকারী রাশেদ খান বলেন, আওয়ামী লীগ ও শেখ হাসিনার ডিসেম্বরে ফেরার ঘোষণা ও জামায়াত-এনসিপির লংমার্চের ঘোষণা সেই চক্রান্তের অংশ।

জামায়াত ১৯৯৬ সালের মতো আবারও আওয়ামী লীগ কে সাথে নিয়ে বিএনপির বিরুদ্ধে মাঠে নামার ষড়যন্ত্র করছে। ফ্যাসিস্ট শেখ হাসিনা ও আওয়ামী লীগকে রাজনীতিতে ফেরাতে তারা এই অপচেষ্টা শুরু করেছে।

মঙ্গলবার (১ সেপ্টেম্বর) দুপুরে ঝিনাইদহে বিএনপির ৪৮ তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আয়োজিত র্যালি শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে রাশেদ খান এসব কথা বলেন।

সাম্প্রতিক আলোচিত ‘মক্কা সামরিক চুক্তি’ প্রসঙ্গে রাশেদ খান বলেন, এনসিপির প্রধান নাহিদ ইসলাম মক্কা চুক্তিতে বাংলাদেশের যোগদান প্রসঙ্গে ইতিবাচক মন্তব্য করেছেন। জামায়াত সহ অন্যান্য রাজনৈতিক দলগুলোও মক্কা চুক্তির বিষয়ে ইতিবাচক মনোভাব ব্যক্ত করেছে। দেশের জনগণের বৃহৎ অংশ এই চুক্তিতে বাংলাদেশের যোগদান বিষয়ে ইতিবাচক। দেশের সার্বভৌমত্ব, কূটনৈতিক পলিসি, সার্বিক নিরাপত্তা সহ বিভিন্ন বিষয় মাথায় রেখে মক্কা চুক্তিতে যোগদান বিষয়ে সরকার সবকিছু বিবেচনা করেই সিদ্ধান্ত নেবে।

ডাকসু জিএস হিসেবে নিজের পদ ফিরে পাওয়ায় রাশেদ খান বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে আমি ধন্যবাদ জানাই। ওই সময় ডাকসু

নির্বাচনে ভিপি পদে নুরুল হক নুর ও জিএস পদে আমি জয়লাভ করেছিলাম। কিন্তু ফ্যাসিস্ট আওয়ামী লীগ সরকারের ইশারায় সেদিন আমাকে পরাজিত হিসেবে ঘোষণা করা হয়েছিল। আমাকে জিএস পদ ফিরিয়ে দেয়ার মধ্য দিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ হাজার হাজার শিক্ষার্থীর ভোটাধিকারকে সম্মান জানিয়েছে।

জাতীয় সংসদ নির্বাচনে বিএনপির বিদ্রোহী প্রার্থীরা ও তাদের সমর্থকরা স্থানীয় নির্বাচনের আগে দলে ফিরতে পারবে কিনা এমন প্রশ্নের জবাবে রাশেদ খান বলেন, জাতীয় নির্বাচনে যেসব দলীয় নেতাকর্মী ভুল করে দলের বিরুদ্ধে ভোট করেছিল, তারা ভুল স্বীকার করে ফিরতে চাইলে সেটি দলীয় হাইকমান্ড বিবেচনা করবে। তবে যারা বিদ্রোহী প্রার্থী নির্বাচনে প্রতিদ্বন্দ্বীতা করেছিল, দলীয় প্রার্থীকে হারানোর জন্য মাঠে ছিল, তাদের বিষয়ে দল এখনো কোনো চিন্তা ভাবনা করেনি।

এর আগে বিএনপির ৪৮তম প্রতিষ্ঠাবার্ষিকীর র্যালিতে জেলা বিএনপির সভাপতি এমএ মজিদ, সাধারণ সম্পাদক জাহিদুজ্জামান মনা, সহ সভাপতি মুন্সি কামাল আজাদ পান্নু, সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুল মজিদ বিশ্বাস, যুবদলের সভাপতি আহসান হাবিব রনক, ইবি ছাত্রদলের সাবেক আহ্বয়াক সাহেদ আহম্মেদ, জেলা ছাত্রদলের সভাপতি ইমরান হোসেন, সাধারণ সম্পাদক শাহরিয়ার রাসেল সহ বিএনপি, অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

কালীগঞ্জে ইউপি সদস্যের ছবিতে জুতার মালা এডিট করে ফেসবুকে আপলোড, থানায় জিডি

ঝিনাইদহের কালীগঞ্জে ফেসবুক আইডিতে অন্যের ছবি বিকৃত করে জুতার মালা পরানো এবং অশ্লীল ভাষায় অপপ্রচারের অভিযোগে থানায় সাধারণ ডায়েরি (জিডি) করেছেন এক ইউপি সদস্য।

রোববার (৩০ আগস্ট) কালীগঞ্জ থানায় এ সাধারণ ডায়েরি করেন উপজেলার

রাখালগাছি ইউনিয়নের বহিরগাছি মধ্যপাড়া গ্রামের বাসিন্দা ও ওই ইউনিয়নের সদস্য মো: জসিম (৪৭)। জিডি নম্বর-১৫৫৩।

জিডিতে মো: জসিম অভিযোগ করেন, গত ২৯ আগস্ট বিকেল ৫টার দিকে তিনি নিজের ফেসবুক আইডিতে প্রবেশ করে দেখতে পান, গরলধহঁৎ জধযসধ নামে একটি ফেসবুক আইডি থেকে তার ব্যক্তিগত ছবি এডিট করে ছবিতে জুতার মালা পরানো হয়েছে।

এ ছাড়া ওই আইডি থেকে তাকে সামাজিকভাবে হেয়প্রতিপন্ন ও মানহানি করার উদ্দেশ্যে অশ্লীল ভাষায় বিভিন্ন স্ট্যাটাস ও অপপ্রচার চালানো হচ্ছে বলে অভিযোগ করেন তিনি।

জসিমের অভিযোগ, অজ্ঞাত ব্যক্তি তার ফেসবুক আইডিতে প্রবেশ করে তার আপলোড করা ছবি, ভিডিও ও বিভিন্ন স্ট্যাটাসে অশ্লীল ভাষায় মন্তব্য করেছে। বিষয়টি নিয়ে তিনি বিভিন্নভাবে চেষ্টা করেও অপপ্রচারকারীর পরিচয় নিশ্চিত করতে পারেননি।

জিডিতে তিনি আশঙ্কা প্রকাশ করে বলেন, সামাজিক যোগাযোগমাধ্যম ব্যবহার করে তাকে হয়রানি, মানহানি এবং ভয়ভীতি প্রদর্শনের চেষ্টা করা হতে পারে। ভবিষ্যতে কোনো অপ্রীতিকর পরিস্থিতি এড়াতে বিষয়টি সাধারণ ডায়েরিভুক্ত করার আবেদন করেন তিনি।

এ বিষয়ে কালীগঞ্জ থানার অফিসার ইনচার্জ (ওসি) কবির হোসেন বলেন, এ ঘটনায় একটি সাধারণ ডায়েরি করা হয়েছে। অভিযোগের বিষয়টি যাচাই করে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে। জড়িত ব্যক্তিকে শনাক্তেরও চেষ্টা চলছে।

কোটচাঁদপুরে নজরুল বর্ষ উপলক্ষে শিক্ষা প্রতিষ্ঠানভিত্তিক সাংস্কৃতিক

[redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [

অ্যাম্বাসেডরদের প্রশিক্ষণ

বাল্যবিবাহ প্রতিরোধে কিশোরী ও সুশীল সমাজের সদস্যদের সচেতন ও দক্ষ করে তুলতে ঝিনাইদহে ৩ দিনব্যাপী অ্যাডলোসেন্ট গার্লস ক্লাব (এজিসি) ব্র্যান্ড অ্যাম্বাসেডরদের সক্ষমতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। আজ শুক্রবার সকালে শহরের এইড কমপ্লেক্সের প্রশিক্ষণ কক্ষে এ প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠিত হয়।

সমাপনী দিনের আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, ঝিনাইদহ জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা সেলিম রেজা। সেসময় আরো উপস্থিত ছিলেন সার্ভিস এন্ড ভিশন এডিফাই (সেভ)’র নির্বাহী পরিচালক আয়াশা সিদ্দিক আশা, মনিটরিং অফিসার সুমাইয়া আক্তার দীনা, প্রজেক্ট কোর্ডিনেটর জাহিদ্দুজমান সেলিম, ফিল্ড অফিসার রোকনুজ্জামান। প্রশিক্ষণ শেষে অংশগ্রহণকারীদের সনদ দেওয়া হয়।

সেভ’র আয়োজনে সিসু ও বান্ধব ডেনমার্কে’র সহযোগীতায় অনুষ্ঠিত এই প্রশিক্ষনে ঝিনাইদহ সদর ও শৈলকুপা উপজেলার ১০টি মাধ্যমিক বিদ্যালয়ের ৩০ জন কিশোরী শিক্ষার্থী এবং ১০ জন শিক্ষক ও নাগরিক সমাজের প্রতিনিধিরা অংশগ্রহণ করেন। ৩ দিন ব্যাপী এই প্রশিক্ষণে কিশোরীদের অধিকার, বাল্যবিবাহের ক্ষতিকর প্রভাব, সচেতনতা বৃদ্ধি, নেতৃত্বের দক্ষতা, ও সামাজিকভাবে বাল্যবিবাহ প্রতিরোধে করণীয় বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হয়।

প্রশিক্ষণের মাধ্যমে অংশগ্রহণকারীরা নিজ নিজ এলাকায় বাল্যবিবাহ প্রতিরোধে কার্যকর ভূমিকা রাখবেন বলে আশা করেন আয়োজকরা।